بســم الله الرحمن الرحيم
نحمده ونصلی علی رسوله الکریم وعلى عبده المسيح الموعود
আহমদীয়া মুসলিম জামা'ত, চট্টগ্রাম
AHMADIYYA MUSLIM JAMA'AT, CHITTAGONG
1, K. B. Fazlul Qader Road, Chawk Bazar, Chittagong-4203, Bangladesh. Phone: 88-031-653113

সুত্রঃ আ.মু.জা./চট্ট/জে:সে:/৯৭৬

তারিখ:২৭/০২/২০১৬ইং:

সমবেদনা পত্র

সম্মানীত মোহসেনা বেগম সাহেবার পরিবারবর্গ,

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

আহমদীয়া মুসলিম জামা'ত চট্টগ্রাম আপনাদের পূণ্যবতী মায়ের ইহকাল পরিত্যাগ করে চলে যাওয়ার সংবাদ পেয়েছে। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজেউন। আমরা দোয়া করছি মহান আল্লাহতা'লা তাঁকে জান্নাতের উচ্চ আসনে সমাসিন করুন। আমরা আন্তরিকতার সাথে আপনাদের মায়ের মৃত্যুতে সমবেদনা ও সহমর্মিতা জানাচ্ছি। মরহুম মোহসেনা বেগম সাহেবা চট্টগ্রাম জামাতের প্রতিষ্ঠাতা সকলের শ্রদ্ধাভাজন প্রফেসর আব্দুল লতিফ সাহেব মরহুমের সুযোগ্য কনিষ্ঠ কন্যা ছিলেন। তিনি একজন ওসিয়্যতকারী এবং নিয়মিত চাঁদা দাতা সদস্যা ছিলেন। যখনই জামাতের পক্ষ থেকে তাঁর কাছে কোন ধরনের সহযোগীতা চাওয়া হয়েছে তিনি সানন্দে তাতে লাব্বায়েক বলেছেন। আমরা তাকে সর্বদা তার পিতার আদর্শের উপর এবং নেকীর উপর প্রতিষ্ঠিত দেখতে পেয়েছি। মহান আল্লাহতা'লার নিকট দোয়া করছি তিনি যেন আপনাদের সবাইকে মায়ের মৃত্যুতে ধৈর্য্য ধারন করার শক্তি দান করেন। সেই সাথে মহান আল্লাহতা'লা আপনাদেরকে মায়ের নেকী সমূহকে সর্বদা জীবিত রাখার এবং খেলাফতের সাথে জীবনের শেষ নি:শ্বাস পর্যন্ত সম্পৃক্ত থাকার সৌভাগ্য দান করুন।

এ বিষয়ে ২৭/০২/২০১৬ইং: তারিখে মসলিশে আমেলার সভায় আলোচনা হয় এবং মসলিশে আমেলার সর্ব সম্মতি সিদ্ধান্ত অনুযায়ী সমবেদনা পত্র প্রেরন করা হলো।

পরিশেষে মহান আল্লাহতা'লার নিকট দোয়া করছি "হে আমাদের আল্লাহ! তুমি তার সাথে তোমার দয়া ও ক্ষমার ব্যবহার কর এবং তাঁর পরিবারের সদস্যগনকে নিজ ফেরেশতা দ্বারা সাহায্য কর"। আমীন।

মোহতরম আমীর সাহেবের নির্দেশে এ পত্র লেখা হচ্ছে।

ওয়াসসালাম

খাকসার

(আলহাজ্ব নেছার আহমদ)

জেনারেল সেক্রেটারী